# জাতীয় কৃষি আবহাওয়া
# পরামর্শ সেবা বুলেটিন

## ২৪ আগস্ট ২০২২ (বুধবার)
## [সময়কালঃ ২৪.০৮.২০২২-২৮.০৮.২০২২]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:

পশ্চিম মধ্যপ্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত স্থল নিম্নচাপটি সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়ে বর্তমানে রাজস্থান ও তৎসংলগ্ন অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপূর্ব বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র মাঝারি অবস্থায় রয়েছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে।
সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।
পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।
**মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে সারা দেশে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা নেই।**
এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

**আউশ ধান:**

- সেচ দিন এবং জমিতে প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- মাজরা পোকা, গল মাছি এবং সাদা ও বাদামী গাছ ফড়িং আক্রমণ করলে প্রতি হেক্টরে ৩৩ কেজি কার্বোফুরান ৩জি প্রয়োগ করুন। কাটুই পোকার আক্রমণ হলে ক্লোরপাইরিফস বা ডাইক্লোরোভস প্রয়োগ করুন।
- মেঘাচ্ছন্ন আবহাওয়ায় পাতা মোড়ানো পোকার আক্রমণ দেখা দিতে পারে। এটি ট্রাইকোগ্রামা ব্যবহার করে নিয়ন্ত্রণ করা যেতে পারে।
- খোল পোড়া রোগ থেকে বাঁচাতে আইল ঘাসমুক্ত পরিষ্কার রাখুন।
- **আউশের পাতায় ব্লাস্ট ও দাগ রোগ নিয়ন্ত্রণ করতে ১ লিটার পানিতে ২ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।**
- গান্ধী পোকা ও বাদামী গাছ ফড়িং এর আক্রমণ দেখা দিতে পারে। গান্ধী পোকার আক্রমণ থেকে রক্ষার জন্য প্রতি লিটার পানিতে ২ গ্রাম কার্বারিল ৫০ ডব্লিউপি মিশিয়ে স্প্রে করুন। অতিরিক্ত সেচ প্রয়োগ থেকে বিরত থাকতে হবে যেন গোড়া পচে না যায়। ধান ৮০% পরিপক্ক হয়ে গেলে সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন। বাদামী গাছ ফড়িং এর আক্রমণ থেকে রক্ষার জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।
- ফসল ৮০% পরিপক্ক হয়ে গেলে রৌদ্রজ্জ্বল দিনে সংগ্রহ করুন।
- বিকেলে অথবা সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টার মধ্যে বালাইনাশক প্রয়োগ করুন।

**আমন ধান:**

- দ্রুত চারা রোপণ সম্পন্ন করুন।
- যে কোন কারণে চারার ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে সেখানে একই বয়সের সুস্থ চারা রোপণ করুন।
- হলুদ মাজরা পোকার আক্রমণ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য প্রতি হেক্টরে ১০ কেজি হারে কার্বোফুরান স্প্রে করুন।
- **চারা খুব গভীরে রোপণ করবেন না। কোন চারা নষ্ট হলে এক সপ্তাহের মধ্যে সেখানে নতুন চারা লাগান।**
- **জমি আগাছামুক্ত রাখুন। চারা রোপণের ১-৩ দিনের মধ্য অনুমোদিত আগাছানাশক প্রয়োগ করুন।**
- **চারা রোপণের** ১৫-২০ দিন পর এক তৃতীয়াংশ নাইট্রোজেন সার উপরিপ্রয়োগ করুন।

- **পামরী পোকার আক্রমণ দেখা দিলে যথাযথ ব্যবস্থা নিন।**
- **সর্বোচ্চ কুশি পর্যায়ে লীফ রোলার, সবুজ পাতা ফড়িং, ব্লাস্ট, ব্যাকটেরিয়াল ব্লাইট, উফরা, খোল পোড়া, পাতা পোড়াসহ বিভিন্ন রোগবালাই দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।**

**সবজি:**

- প্রয়োজন অনুযায়ী হালকা সেচ প্রয়োগ করুন।
- আগাম শীতকালীন সবজি চাষের জন্য বীজতলা তৈরি করুন।
- বর্ষাকালে চারার ক্ষতি থেকে রক্ষার জন্য যথাযথ ব্যবস্থা নিন।
- আগাছা নিধন ও অন্যান্য আন্ত:পরিচর্যা করুন।
- ফলের মাছি পোকা, লাল কুমড়া বিটল, এপিলাকনা বিটল এর আক্রমণ হলে প্রতি লিটার পানিতে ১ মিলি ম্যালাথিয়ন ৫০ ইসি মিশিয়ে প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- প্রয়োজন অনুযায়ী সেচ প্রয়োগ করুন।
- আম বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- ডালিমের পাতা পোড়া বা লেবুর লিফ মাইনর প্রভৃতি রোগের জন্য উদ্যান ফসলে বালাই ব্যবস্থাপনা করতে হবে।
- কলা গাছ লাগান এবং বাগানে আন্ত:পরিচর্যা করুন।
- ঝোড়ো হাওয়ার কারণে ঢলে পড়া থেকে রক্ষার জন্য কলাগাছে খুঁটির ব্যবস্থা করুন।
- কলায় সিগাটোকা রোগের আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ মিলি প্রোপিকোনাজল মিশিয়ে পাতার দুইপাশে স্প্রে করুন।
- পেঁপের ছাতরা পোকার আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**পান:**

- জমিতে কাটিং লাগানোর জন্য রোগমুক্ত কাটিং নির্বাচন করতে হবে এবং লাগানোর আগে ০.৫% বর্দো মিক্সচার ও ৫০০ পিপিএম স্ট্রেপ্টোসাইক্লিন দিয়ে আধ ঘণ্টা শোধন করে নিতে হবে।
- কান্ড পচা বা গোড়া পচা রোগ দেখা দিলে রোগাক্রান্ত পান গাছ বা গাছের অংশ নির্দিষ্ট গর্তে ফেলুন অথবা পুড়িয়ে ফেলুন।

**আখ:**

- কান্ড পঁচা রোগ ও মাজরা পোকার আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- গবাদি পশুর খুরা রোগ দেখা দিলে-
    - শুধুমাত্র শুকনো খাবার খাওয়ান
    - গোয়ালঘর পরিষ্কার পরিচ্ছন্ন ও শুকনো রাখুন
    - মুখে ও পায়ে ক্ষত দেখা দিলে ক্ষতের জায়গাটি পটাশিয়াম পার ম্যাঙ্গানেট দ্রবণ দিয়ে ধুয়ে দিন
- সুস্থ গবাদি পশুকে নিয়মিত টীকা প্রদান করুন।
- যে কোন রোগের লক্ষণ দেখা দিলে যথাযথ চিকিৎসার জন্য দ্রুত পশু চিকিৎসকের পরামর্শ নিন।

**হাঁসমুরগী:**

- খোয়াড়ে জীবাণুনাশক স্প্রে করে তারপর হাঁসমুরগী রাখুন।

- চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।
- শুকনো খাবার খেতে দিন এবং পরিষ্কার পানি পান করান।
- বর্তমান আবহাওয়ায় হাঁসমুরগীর অন্ত্রের পরজীবীর আক্রমণ হতে পারে। সেজন্য খোয়াড় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা গুরুত্বপূর্ণ।
- তাপমাত্রা বেড়ে গেলে খোয়াড়ে পানি স্প্রে করুন।

**মৎস্য:**

- পুকুরের চারধার মেরামত করে দিন যেন মাছ পুকুরের বাইরে বের হয়ে যেতে না পারে।
- পুকুরে মাছের পোনা ছাড়ুন।
- পোনা ছাড়ার আগে অপ্রয়োজনীয় মাছ বের করে নিন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (২৪ আগস্ট ২০২২, সকল ০৬ টা পর্যন্ত) এবং ২৩ আগস্ট ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ২৪ আগস্ট ২০২২ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০৭ | ৩৩.৯ | ২৬.৯ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৩.৮ | ২৬.১ |
| | টাঙ্গাইল | ০৮ | ৩৩.০ | ২৬.০ | | সন্দ্বীপ | ০০ | ৩২.৯ | ২৬.৭ |
| | ফরিদপুর | ০৮ | ৩৩.১ | ২৬.৮ | | সীতাকুন্ড | ০৭ | ৩৩.০ | ২৫.০ |
| | মাদারীপুর | ০০ | ৩২.৬ | ২৬.৩ | | রাঙ্গামাটি | ০৫ | ৩৩.০ | ২৪.০ |
| | গোপালগঞ্জ | ০২ | ৩২.০ | ২৭.৫ | | কুমিল্লা | ০২ | ৩৪.৪ | ২৫.৫ |
| | নিক্‌লি | ০৪ | ৩৪.০ | ২৭.২ | | চাঁদপুর | ১০ | ৩৪.৫ | ২৫.২ |
| | | | | | | মাইজদীকোর্ট | ০০ | ৩৪.০ | ২৬.৮ |
| রাজশাহী | রাজশাহী | ১৬ | ৩২.২ | ২৫.৮ | | ফেনী | ০৩ | ৩৩.৫ | ২৫.৪ |
| | ঈশ্বরদী | ২১ | ৩২.৭ | ২৫.২ | | হাতিয়া | ১৮ | ৩১.৫ | ২৫.০ |
| | বগুড়া | ০৮ | ৩৩.৪ | ২৬.৮ | | কক্সবাজার | সামান্য | ৩২.৩ | ২৫.৩ |
| | বদলগাছী | ০৮ | ৩২.৪ | ২৭.০ | | কুতুবদিয়া | ০০ | ৩৪.০ | ২৫.০ |
| | তাড়াশ | ১০ | ৩৩.০ | ২৫.৬ | | টেকনাফ | ১৫ | ৩১.৬ | ২৪.৫ |
| রংপুর | রংপুর | ১০ | ৩৪.১ | ২৬.৬ | খুলনা | খুলনা | ১২ | ৩৩.২ | ২৬.৬ |
| | দিনাজপুর | ৬৪ | ৩১.০ | ২৫.৭ | | মংলা | ১২ | ৩৩.৫ | ২৬.০ |
| | সৈয়দপুর | ১৯ | ৩১.০ | ২৬.২ | | সাতক্ষীরা | ১৬ | ৩২.৩ | ২৫.৩ |
| | তেঁতুলিয়া | ৩২ | ৩০.৭ | ২৫.৩ | | যশোর | ০৫ | ৩৩.৮ | ২৭.২ |
| | ডিমলা | ২২ | ৩০.৬ | ২৬.০ | | চুয়াডাঙ্গা | ৩০ | ৩২.৫ | ২৬.০ |
| | রাজারহাট | ২৪ | ৩২.০ | ২৫.০ | | কুমারখালী | ৩৫ | ৩৩.২ | ২৫.৩ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০২ | ৩৪.০ | ২৭.৫ | বরিশাল | বরিশাল | ০৬ | ৩২.৪ | ২৬.৬ |
| | নেত্রকোনা | ১১ | ৩৩.২ | ২৬.৫ | | পটুয়াখালী | ০১ | ৩২.৫ | ২৬.৭ |
| | | | | | | খেপুপাড়া | ১০ | ৩২.০ | ২৫.৫ |
| সিলেট | সিলেট | সামান্য | ৩৫.৪ | ২৬.৬ | | ভোলা | ২১ | ৩২.২ | ২৬.২ |
| | শ্রীমঙ্গল | ১৩ | ৩৫.২ | ২৫.৫ | | | | | |

## প্রধান বৈশিষ্ট সমূহ:


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৬.৫৭ ঘন্টা ছিল।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৮৬ মি: মি: ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:


পূর্বাভাস: খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারি বর্ষণ হতে পারে।


তাপমাত্রা: সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।


## সপ্তাহের শেষে (২৩ আগস্ট ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:






Minimum Temperature (°C)
(17/08/2022 - 23/08/2022)
(°C)
22 24 26 28



Anomaly Minimum Temperature (°C)
(17/08/2022 - 23/08/2022)
(°C)
-4 -2 0 2 4



Diurnal Temperature (°C)
(17/08/2022 - 23/08/2022)
(°C)
6 8 10 12


Anomaly Diurnal Temperature (°C)
(17/08/2022 - 23/08/2022)
(°C)
0 2 4 6


Maximum Humidity (%)
(17/08/2022 - 23/08/2022)
89 92 95 98 100
(%)


Minimum Humidity (%)
(17/08/2022 - 23/08/2022)
30 40 50 60 70
(%)


Wind Speed (knots)
(17/08/2022 - 23/08/2022)
0 2 4 6 8
(knots)


Cloud Amount (Octa)
(17/08/2022 - 23/08/2022)
3 4 5 6 7
(Octa)

## আবহাওয়ার পূর্বাভাস:


## আবহাওয়ার পূর্বাভাস ২৩/০৮/২০২২ হতে ৩১/০৮/২০২২ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৪.৫০ থেকে ৬.৫০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মি.মি. থেকে ৪.০০ মি.মি. থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে রংপুর, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে (২৬%-৫০% এলাকা) এবং ঢাকা, রাজশাহী ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের দুই এক স্থানে (১%-২৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ স্থানে (৭৬%-১০০% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন) থেকে অতি ভারী (৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে; ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগের অনেক স্থানে (৫১%-৭৫% এলাকা) এবং চট্টগ্রাম ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে (২৬%-৫০% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) থেকে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের প্রথমার্ধে সারা দেশের দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দ্বিতীয়ার্ধে সামান্য কমতে পারে।


**আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (২৪ আগস্ট হতে ২৮ আগস্ট ২০২২ পর্যন্ত)**









Minimum Temperature (°C)
(24/08/2022 - 28/08/2022)
(°C)
22 24 26 28


Maximum Humidity (%)
(24/08/2022 - 28/08/2022)
(%)
77 80 83 86 89


Minimum Humidity (%)
(24/08/2022 - 28/08/2022)
(%)
66 71 76 81 86


Diurnal Temperature (°C)
(24/08/2022 - 28/08/2022)
(°C)
5 7 9 11


Wind Speed (knots)
(24/08/2022 - 28/08/2022)
(knots)
0 2 4 6 8